# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**15-06-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধ বিরতি ও হরমুজ প্রনালী খুলে দেওয়ার বিষয়ে একটি চুক্তি চূড়ান্ত হয়েছে।

# চুক্তি চূড়ান্ত হওয়ার বিষয়টিকে স্বাগত জানিয়েছেন বিশ্ব নেতৃবৃন্দ।

# বিশ্ববাজারে তেলের দাম কমেছে, শেয়ার বাজারে ঊর্ধ্বগতি।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ব্রাতিস্লাভায় স্লোভাকিয়ার প্রধানমন্ত্রী রবার্ট ফিকোর সঙ্গে বৈঠক করবেন।

৩/ ৫২-তম জি-সেভেন শীর্ষ সম্মেলন আজ ফ্রান্সের এভিয়ানে শুরু হচ্ছে।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল এই সম্মেলনে অংশ নেবেন।

৪/ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, দেশে El Nino আবহাওয়ার পরিস্থিতির কারণে খাদ্য ঘাটতির কোনও সম্ভাবনা নেই।

৫/ ফিফা ফুটবল বিশ্বকাপে আজ স্পেন কাবো ভার্দের, বেলজিয়াম মিশরের এবং সৌদি আরব উরুগুয়ের মুখোমুখি হবে।

---

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান যুদ্ধ সমাপ্তি এবং হরমুজ প্রণালী খুলে দেওয়ার লক্ষ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছেছে। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, 'ট্রুথ সোশ্যাল'-এ জানান, মার্কিন যুক্তরাষ্ট্র, ইরানের বন্দরগুলির ওপর থেকে নৌ-অবরোধ তুলে নেবে। আগামী ১৯ শে জুন সুইজারল্যান্ডে এই শান্তি চুক্তিটি স্বাক্ষরিত হওয়ার কথা। ট্রাম্প জানান, চুক্তিটি আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরের পর হরমুজ প্রণালী খুলে দেওয়া হবে। চুক্তির শর্ত অনুযায়ী, ৬০ দিনের মধ্যে ইরান তার পারমাণবিক কর্মসূচী এবং সমৃদ্ধ ইউরেনিয়াম অপসারণের বিষয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করবে। ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল জানিয়েছে, আজ রাত থেকেই লেবানন সহ সব জায়গায় যুদ্ধ ও সামরিক অভিযান স্থায়ীভাবে বন্ধ করা হবে।

এদিকে, চুক্তি চূড়ান্ত হওয়ার খবর ছড়িয়ে পড়তেই বিশ্ববাজারে তেলের দাম কমেছে। ব্রেন্ট ক্রুড ফিউচারের দাম ৪ শতাংশ এবং যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের দাম ৪ দশমিক ৬ শতাংশেরও বেশি কমেছে। এশিয়ার শেয়ার বাজারগুলোতে ঊর্ধ্বগতি লক্ষ্য করা গেছে।

উল্লেখ্য, গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইজরায়েল, ইরানের ওপর হামলা চালায়। ওই হামলায় তেহরানের শীর্ষস্থানীয় বেশ কয়েকজন নেতা প্রাণ হারান; নিহতদের মধ্যে ছিলেন সেদেশের সর্বোচ্চ নেতা আয়াতোল্লাহ আলি খামেনেই, সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সেক্রেটারি আলি লারিজানি, ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের কমান্ডার মোহাম্মদ পাকপুর এবং প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদেহ প্রমুখ।

--------------------

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস উভয় দেশের এই শান্তি চুক্তিতে সম্মত হওয়ার বিষয়টিকে স্বাগত জানিয়েছেন। রাষ্ট্রসংঘের মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক

বলেছেন, এই পদক্ষেপটি চলতি সংঘাতের, শান্তিপূর্ণ সমাধানের পথে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

বহু দেশের নেতৃবৃন্দও এই শান্তি চুক্তিকে স্বাগত জানিয়েছেন এবং এটিকে বড় ধরনের কূটনৈতিক অগ্রগতি হিসেবে অভিহিত করেছেন।

কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আব্দুল রহমান বিন জসিম আল থানি এই চুক্তিকে স্বাগত জানিয়েছেন এবং এই সমঝোতায় আঞ্চলিক ও আন্তর্জাতিক পক্ষগুলির ভূমিকার প্রশংসা করেছেন। ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার, এই চুক্তিকে যুদ্ধ অবসানের পথে এবং হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে অভিহিত করেছেন। জার্মান চ্যান্সেলর ফ্রিডরিখ মার্জও এই চুক্তিকে একটি তাৎপর্যপূর্ণ কূটনৈতিক সাফল্য হিসেবে বর্ণনা করেছেন। ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ এই চুক্তির দ্রুত বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন এবং কোনো বিধিনিষেধ ছাড়াই হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়ার গুরুত্বের ওপর জোর দিয়েছেন।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, উদ্ভাবন ও উদ্যোক্তা হওয়ার ক্ষেত্রে সব মানুষের স্বতন্ত্র চিন্তাভাবনা এবং অনন্য সৃজনশীল দৃষ্টিভঙ্গি রয়েছে। সমাজ মাধ্যমে সংস্কৃত সুভাষিতম শেয়ার করে প্রধানমন্ত্রী বলেন, এই বৈচিত্র্যই নতুন সম্ভাবনার জন্ম দেয়। শ্রী মোদী আরও বলেন, বিভিন্ন ধারণা ও সক্ষমতার মেলবন্ধনের মাধ্যমেই উদ্ভাবন এবং অগ্রগতি সম্ভব হয়ে ওঠে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্লোভাকিয়ার রাজধানী ব্রাতিস্লাভায় সেদেশের প্রধানমন্ত্রী রবার্ট ফিকোর সঙ্গে বৈঠক করবেন। এছাড়া, সেদেশের রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনির সঙ্গেও সাক্ষাত-এর কথা রয়েছে তাঁর। ফ্রান্সের নিস-এ সফরের প্রথম পর্ব শেষে গতরাতে প্রধানমন্ত্রী ব্রাতিস্লাভায় পৌঁছন। ব্রাতিস্লাভায় পৌঁছানোর পর প্রধানমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা জানান সেদেশের বিদেশমন্ত্রী জুরাজ ব্লানার। সমবেত প্রবাসী ভারতীয়রা স্লোগান দিয়ে তাঁকে স্বাগত জানান। এই উপলক্ষ্যে, স্লোভাকিয়ার লুচনিকা এনসেম্বল দলের সঙ্গীতশিল্পীরা 'বন্দে মাতরম' পরিবেশন করেন।

শ্রী মোদী বলেন, এই সফর ভারত ও স্লোভাকিয়ার সম্পর্ক আরও গভীর করার এবং দুই দেশের মধ্যে সহযোগিতার নতুন ক্ষেত্রগুলি খুঁজে বের করার সুযোগ করে দেবে। সমাজমাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, তিনি, স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনি এবং প্রধানমন্ত্রী রবার্ট ফিকোর সঙ্গে আলোচনার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

১৯৯৩ সালে স্লোভাকিয়ার স্বাধীনতার পর থেকে ভারতের কোনো প্রধানমন্ত্রীর এটিই প্রথম সেদেশ সফর। এর আগে, গতবছর এপ্রিলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্লোভাকিয়া যান এবং চলতি বছরের ফেব্রুয়ারিতে স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনি এআই ইমপ্যাক্ট শীর্ষ সম্মেলনে যোগ দিতে এদেশে এসেছিলেন। এর ফলে বাণিজ্য, বিনিয়োগ এবং অটোমোবাইল ও রেলওয়ে উৎপাদন সহ বিভিন্ন ক্ষেত্রে স্লোভাকিয়ার সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও দৃঢ় হবে বলে মনে করা হচ্ছে।

--------------------

ফ্রান্সের এভিয়ানে আজ ৫২ তম জি সেভেন শীর্ষ সম্মেলন শুরু হচ্ছে। তিন দিনব্যাপী এই সম্মেলনে জি-সেভেন-এর সদস্য দেশগুলি অংশ নিচ্ছে। সদস্য দেশগুলির

পাশাপাশি ভারত, ব্রাজিল, মিশর, কেনিয়া, দক্ষিণ কোরিয়া, কাতার, সৌদি আরব, সিরিয়া, ইউক্রেন এবং সংযুক্ত আরব আমিরশাহিকে সহযোগী দেশ হিসেবে আমন্ত্রণ জানিয়েছে আয়োজক ফ্রান্স। এই নিয়ে ১৩ বার জি-সেভেন শীর্ষ সম্মেলনে ভারত অংশগ্রহণ করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল এই সম্মেলনে অংশ নেবেন।

সম্মেলনের আনুষ্ঠানিক কাঠামো অনুযায়ী, আজ থেকে শুরু হওয়া রুদ্ধদ্বার অধিবেশনগুলিতে নেতারা ভূ-রাজনৈতিক সমস্যা, আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা, সুষম অর্থনৈতিক বৃদ্ধি এবং প্রধান আন্তর্জাতিক সংকটগুলি নিয়ে আলোচনা করবেন। এই সম্মেলনে ভারতের অংশগ্রহণ 'গ্লোবাল সাউথ'-এর অগ্রাধিকার ও উদ্বেগের বিষয়গুলি তুলে ধরার পাশাপাশি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বিষয়গুলির আলোচনায় মতপ্রকাশের সুযোগ করে দেবে।

--------------------

উত্তরপ্রদেশের জেওয়ারে অবস্থিত নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আজ বাণিজ্যিক উড়ানের সূচনা হয়েছে। দেশের অসামরিক বিমান পরিষেবার ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলে মনে করা হচ্ছে। অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কিঞ্জারাপু রামমোহন নাইডু জানিয়েছেন দেশের মধ্যে যোগাযোগ ব্যবস্থাকে শক্তিশালী করতে ও বিশ্বমানের বিমান পরিবহন ব্যবস্থা গড়ে তুলতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার কাজ করে চলেছে। তিনি আরও বলেন দেশে বর্তমানে ১৬৫টি বিমানবন্দর রয়েছে।

BYTE- Naidu

এদিন পরিষেবার সূচনায় এই বিমানবন্দর নির্মানের জন্য জমিদাতা কৃষকদের বিমানে ভ্রমণ করানো হয়।

--------------------

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়কড়ি আজ শিলং সফর করবেন। উত্তর-পুর্বাঞ্চলের পরিকাঠামোগত উন্নয়ন এবং যোগাযোগ ব্যবস্থা সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মসূচিতে অংশ নেবেন তিনি। শিলংয়ের মওকাসিয়াং-এ অবস্থিত 'লারিতি পারফরম্যান্স সেন্টার'-এ উত্তর-পূর্ব ভারত পরিকাঠামো শীর্ষ সম্মেলন ও প্রদর্শনী (NEIINFRA) ২০২৬-এর উদ্বোধন করবেন তিনি।

পরে তিনি পরিকাঠামোগত উন্নয়ন, বিনিয়োগের সুযোগ এবং আঞ্চলিক উন্নয়ন সহ বেশ কিছু বিষয়ে নিয়ে NEIINFRA-তে প্রধান কার্যনির্বাহী আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে অংশ নেবেন।

শ্রী গড়করি মেঘালয়ে ৩ হাজার ২ শো ১৪ কোটি টাকা মূল্যের ছয়টি জাতীয় মহাসড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

--------------------

কেন্দ্রে এনডিএ সরকারের বারো বছর পূর্তিতে আজ শুনবেন বিশেষ আলোচনা 'সকলের অন্তর্ভুক্তি অর্থনীতির নতুন চালিকাশক্তি।' রাজ্যের প্রাক্তন আর্থিক উপদেষ্টা দেবাশিস দত্তর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত দশটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গ, ডিটিএইচ বাংলা পরিষেবা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সিতারমন বলেছেন, দেশে খাদ্য শস্যের পর্যাপ্ত মজুত ভাণ্ডার রয়েছে এবং El Nino জনিত কারণে দেশে খাদ্য ঘাটতির কোনও সম্ভাবনা নেই। নতুন দিল্লিতে আজ এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন এবার মৌসুমি বৃষ্টিপাত স্বাভাবিকের থেকে কম হওয়ার সম্ভাবনা রয়েছে। খরিফ মরশুমের জন্য যথেষ্ট পরিমাণ সারও মজুত রয়েছে বলে অর্থমন্ত্রী জানান। তিনি আরও বলেন, নভেম্বরের শুরু থেকে আসন্ন খরিফ মরশুমের জন্য সার বিতরণের কাজ শুরু হবে।

BYTE- Nirmala

--------------------

স্নাতক স্তরের মেডিক্যাল প্রবেশিকা নিট ইউজি'র পুণরায় পরীক্ষার জন্য অ্যাডমিট কার্ড দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)। পরীক্ষার্থীরা এনটিএ-এর ওয়েবসাইট neet.nta.nic.in থেকে এই অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। চলতি মাসের ২১ তারিখে দুপুর ২টো থেকে বিকেল ৫টা ১৫ পর্যন্ত এই পরীক্ষা হওয়ার কথা।

অ্যাডমিট কার্ড ডাউনলোড করার আগে পরীক্ষার্থীদের তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফের যাচাই করে নিতে অনুরোধ করেছে এনটিএ, যাতে প্রয়োজনে টাকা ফেরত দেওয়া যায়।

--------------------

সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পশ্চিমবঙ্গের সর্বত্র তিনদিন ব্যাপী জনকল্যাণ শিবির কর্মসূচীর আজ সূচনা হয়েছে। রাজ্য সরকারের উদ্যোগে ১৭'ইজুন পর্যন্ত প্রতিটি ব্লকে বসবে এই শিবির।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের রেয়াপাড়ায় এই শিবিরের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন, এই শিবিরগুলি থেকে ৫৪ টি প্রকল্পের সুবিধা পাওয়া যাবে। এই তিন দিন ১১০০-র কাছাকাছি এই শিবির বসবে।

--------------------

পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ইডি জিজ্ঞসাবাদ করছে। কেন্দ্রীয় সংস্থার তলবে আজ সকাল ১১ টার কিছু আগে সিজিও কমপ্লেক্সে উপস্থিত হন তিনি। এই মামলায় অন্যতম অভিযুক্ত, অভিষেক ঘনিষ্ঠ, সুজয় কৃষ্ণ ভদ্রকে জিজ্ঞাসাবাদের প্রেক্ষিতে বেশ কিছু তথ্য প্রমাণ ইডির হাতে এসেছে বলে সূত্রের খবর। তার প্রেক্ষিতেই অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জেরা করা হচ্ছে। পাশাপাশি লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার আর্থিক লেনেদেনে গড়মিলের অভিযোগ নিয়েও ইডি তাকে জিজ্ঞসাবাদ করতে পারে।

এদিকে, বিধানসভা নির্বাচনে প্রচার পর্বে উষ্কানিমূলক মন্তব্যের অন্য একটি মামলায় অভিষেককে আগামীকাল তলব করেছে সিআইডি।

--------------------

কেন্দ্রীয় আয়ুশ মন্ত্রী প্রতাপরাও যাদব বলেছেন যোগ বর্তমান সময়ে বিশ্বব্যাপী এক গণ আন্দোলনে পরিণত হয়েছে। পৃথিবীর বহু দেশের লক্ষ লোক মানুষ যোগাভ্যাসকে তাদের জীবনের অঙ্গ হিসেবে গ্রহণ করেছেন। আজ নতুন দিল্লিতে আন্তর্জাতিক যোগ দিবস ২০২৬ উপলক্ষ্যে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন, এবারের যোগ দিবস ভারতের ২ শো ১০-টিরও বেশি দূতাবাসের মাধ্যমে বিশ্বের প্রায় আড়াই হাজার জায়গায় আয়োজিত হবে। স্বাস্থ্য এবং কল্যাণের এক বিশ্বব্যাপী আন্দোলন হিসেবে ভারতের এই সাংস্কৃতিক ঐতিহ্য সমস্ত মানুষের কাছে গ্রহণ যোগ্য হয়ে উঠেছে।

-------------------

অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দিরে ভক্তদের দানের অর্থ তছরুপের অভিযোগের তদন্ত চেয়ে সুপ্রিম কোর্টে একটি আবেদন জানানো হয়েছে। অনুপ প্রকাশ আওস্থি নামে এক আইনজীবী ভারতের প্রধান বিচারপতির উদ্দেশে লেখা এক আবেদনে তছরুপের অভিযোগ বিষয়ে একটি FIR নথিভুক্ত করা এবং সুপ্রিম কোর্টের তত্বাবধানে সিবিআই বা অন্য কোনও কেন্দ্রীয় সংস্থার এ বিষয়ে তদন্তের নির্দেশ দেওয়ার কথা বলা হয়েছে। এই আবেদনে আরও বলা হয়েছে উত্তর প্রদেশ সরকার এ বিষয়ে একটি বিশেষ তদন্তকারী দল গঠন করলেও এখনও পর্যন্ত কোনও FIR দায়ের করা হয়নি।

-------------------

ফিফা ফুটবল বিশ্বকাপে, আজ **সুইডেন, তিউনিশিয়াকে ৫-১** গোলে হারিয়ে দিয়েছে। সুইডেনের হয়ে ৭ মিনিটে প্রথম গোল করেন ইয়াসিন আয়ারি। তিউনিসিয়ার হয়ে ৪৩ মিনিটে গোল শোধ করেন ওমর রেকিক। এরপর অ্যালেক্সান্ডার ইসাক, ভিক্টর গ্যোকেরেস, মাতিয়াস সভ্যানবার্গ এবং আয়ারি গোল করে সুইডেনের পক্ষে ব্যবধান বাড়ান। **অন্য ম্যাচে, আইভরি কোস্ট, ইকুয়েডরকে ১-০** গোলে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৯০ মিনিটে আইভরি কোস্টের হয়ে আমাদ ডিয়ালো গোল করেন।

এদিকে, গ্রুপ এইচ-এর ম্যাচে আজ স্পেন, কাবো ভার্দের বিরুদ্ধে খেলবে। আটলান্টা স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত সাড়ে ৯ টায়। এছাড়া, রাত সাড়ে ১২ টায় সিয়াটেল স্টেডিয়ামে, গ্রুপ জি-র ম্যাচে বেলজিয়াম, মিশরের ও রাত সাড়ে ৩ টেয় মিয়ামি স্টেডিয়ামে, গ্রুপ এইচ-এর ম্যাচে সৌরি আরব, উরুগুয়ের বিরুদ্ধে খেলবে।

-------------------

তুরস্কের আন্তালিয়ায় অনুষ্ঠিত তীরন্দাজি বিশ্বকাপের তৃতীয় পর্বে গতকাল ভারতের ধীরাজ বোম্মাডেভারা এবং কুমকুম মোহোদ রিকার্ভ মিক্সড বিভাগে স্বর্ণপদক জিতেছেন। ফাইনালে দক্ষিণ কোরিয়ার বর্তমান অলিম্পিক চ্যাম্পিয়ন ওহ ইয়ে-জিন এবং কিম জে-দেওককে ৫-১ ব্যবধানে হারিয়ে দেয় এই ভারতীয় জুটি। মিক্সড টিম ইভেন্টে ধীরাজ ও কুমকুম, উভয়েরই এটি প্রথম বিশ্বকাপ স্বর্ণপদক।

এদিকে, পুরুষদের সিঙ্গেলসের ফাইনালে ধীরাজ, দক্ষিণ কোরিয়ার প্যারিস অলিম্পিক পদকজয়ী লি উ-সোককে ৬-৪ ব্যবধানে হারিয়ে স্বর্ণপদক জিতে নেন। এর ফলে, তৃতীয় ভারতীয় তীরন্দাজ হিসেবে, পুরুষদের রিকার্ভ সিঙ্গেলস বিভাগে, বিশ্বকাপে সোনা জিতলেন তিনি। এই প্রথমবার ভারত কোনো একটি বিশ্বকাপ পর্বে দুটি স্বর্ণপদক জয় করল। এই সাফল্যের ফলে পদক তালিকায় চীনের ঠিক পরেই দ্বিতীয় স্থান অধিকার করে ভারত; অন্যদিকে কোরিয়া চতুর্থ স্থানে নেমে যায় এবং মেক্সিকো তৃতীয় স্থান অর্জন করে।

এই খেতাব জয়ে, অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল এস আব্দুল নাজির, ধীরাজ বোম্মাডেভারাকে অভিনন্দন জানিয়েছেন। এছাড়া রিকার্ভ মিক্সড বিভাগে দ্বিতীয় স্বর্ণপদক জয় করায় রাজ্যপাল, ধীরাজ ও তাঁর সতীর্থদের ভূয়সী প্রশংসা করেছেন এবং এই সাফল্যকে অন্ধ্রপ্রদেশ ও সমগ্র দেশের জন্য গর্বের বিষয় হিসেবে অভিহিত করেছেন। তিনি এই তরুণ তীরন্দাজের উত্তরোত্তর সাফল্যও কামনা করেন।

------------------- -------------------